বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল

# ইউসার ম্যানুয়াল

## রেজিস্ট্রেশন সনদের জন্য আবেদন

জানুয়ারি ২০২৫


ভার্সন: ১.৪

টেকনিক্যাল সাপোর্ট: JBRSOFT Limited


www.pcb.gov.bd

# আপনি কিভাবে রেজিস্ট্রেশন সনদের জন্য আবেদন করবেন?

**ধাপ-০১:** রেজিস্ট্রেশন সনদের আবেদনের জন্য প্রথমে আপনাকে নিচের বাটনে ক্লিক করতে হবে।





এখানে ক্লিক করার পরে আপনার সামনে রেজিস্ট্রেশন এর একটি ফর্ম আসবে। এই ফর্মে নিচের তথ্য গুলো দিয়ে রেজিস্ট্রেশন সম্পূর্ণ করুন।





১। আপনার শিক্ষাগত যোগ্যতা নির্বাচন করুন।
২। আপনার নামের প্রথম অংশটি লিখুন।
৩। আপনার নামের শেষ অংশটি লিখুন। আপনার নামটি যদি তিন/ চার ওয়ার্ড এর হয় তবে তা প্রথম অংশে ২টি এবং বাকিগুলো শেষ অংশে লিখতে হবে।
৪। আপনার সচল মোবাইল নম্বর টি লিখুন। একই নম্বর দিয়ে একাধিক রেজিস্ট্রেশন করা সম্ভব নয়।

৫। আপনার ইমেইল এড্রেসটি লিখুন। আপনার ইমেইল এড্রেসটি সঠিক হতে হবে, কেননা এই এড্রেস এ ভেরিফিকেশন লিংক পাঠানো হবে। ভেরিফিকেশন লিংক এ ক্লিক করলেই কেবল মাত্র আপনি এপ্লিকেশন এর জন্য লগইন করতে পারবেন।
৬। এপ্লিকেশন পোর্টাল এ লগইন এর জন্য নতুন ইউজার নাম দিতে হবে ।
৭। এখানে এপ্লিকেশন পোর্টাল লগইন এর জন্য নতুন পাসওয়ার্ড দিতে হবে।
৮। উপরের সকল তথ্য গুলো একবার চেক করে নিয়ে রেজিস্টার বাটন এ ক্লিক করুন।


**ধাপ-০২:** রেজিস্ট্রেশন সম্পূর্ণ হওয়ার পরে আপনার ইমেইলে একটি লিংক যাবে। সেই লিংক এ ক্লিক করে আপনার প্রফাইলটি ভেরিফাই করুন।





আপনি মোবাইলে ইউজার নেম ও পাসওয়ার্ড মেসেজ আকারে পাবেন:




**Verify my PCB account** এ ক্লিক করলে আপনি লগইন এর নিচের স্ক্রিনটি পাবেন। এবার আপনার ইউসার নাম ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।




**ধাপ-০৩:** লগইন করার পরে আপনার সামনে নিচের এপ্লিকেশন ফর্মটি ওপেন হবে। এই ফর্মে মোট ৪টি অংশ আছে। আপনাকে বেশ সতর্কতার সহিত ফর্মটি পুরুন করতে হবে।




## প্রথম অংশ: Profile

এখানে আপনার রেজিস্ট্রেশনের তথ্য গুলো স্বয়ংক্রিয় ভাবে চলে এসেছে। এই তথ্যগুলো বাদে বাকি গুলো পুরুন করতে হবে নিম্নোক্ত ভাবে:

১। Father's name *: এখানে আপনার পিতার নামটি এসএসসি সার্টিফিকেট এ যে ভাবে লিখা আছে সেভাবে লিখতে হবে।

২। Mother’s Name *: এখানে আপনার মাতার নামটি এসএসসি সার্টিফিকেট এ যে ভাবে লিখা আছে সেভাবে লিখতে হবে।

৩। Gender *: আপনার Gender টি নির্বাচন করতে হবে।

৪। Date of Birth *: আপনার Date of Birth টি সিলেক্ট করতে হবে, এক্ষেত্রে আপনাকে ক্রমান্বয়ে বছর, মাস ও দিন সিলেক্ট করতে হবে।


৫। Age (Min-18) *: বয়স Date of Birth এর উপর ভিত্তি করে অটোমেটিক দেখাবে। আপনাকে বয়স পুরুন করতে হবে না।

৬। NID / Birth Certificate *: আপনার NID / Birth Certificate টি দিন। NID / Birth Certificate ১০, ১৩ বা ১৭ ডিজিট এর যেকোনো একটি হবে।

৭। Educational institution information: আপনি যদি B-Pharm হোন তবে আপনাকে আপনার ইউনিভার্সিটির তথ্য গুলো দিতে হবে। যদি Diploma হোন তবে আপনাকে আপনার ইনস্টিটিউটের তথ্য গুলো দিতে হবে। যদি Trainee হোন তবে আপনাকে আপনার ট্রেনিং সেন্টারের তথ্য গুলো দিতে হবে।

৮। Upload profile picture: আপনাকে ৩০০*৩০০ সাইজ এর PNG / JPEG টাইপ এর প্রোফাইল ইমেজ আপলোড করতে হবে।

## দ্বিতীয় অংশ: Address (Present and Permanent)



১। Division *: প্রথমে আপনাকে ডিভিশন সিলেক্ট করতে হবে।

২। District *: এবার আপনাকে জেলা নির্বাচন করতে হবে।

৩। Thana / Upazila *:  থানা / উপজেলা নির্বাচন করতে হবে।

৪। Union/ Ward *: ইউনিয়ন বা ওয়ার্ড নির্বাচন করতে হবে। যদি এই লিস্ট এ না থাকে তবে N/A সিলেক্ট করুন।

৫। Road No/ Name/ Village Name (Optional): আপনার Road No/ Name/ Village Name টি লিখতে হবে।

৬। House (Optional): আপনার বাড়ির নম্বরটি লিখতে হবে।

৭। Location (Optional): আপনার এড্রেস এর অন্য কোনো অংশ থাকলে এখানে লিখতে হবে।

৮। Post Office Name: আপনার পোস্ট অফিস এর নামটি লিখতে হবে।

৯। Post Code: আপনার পোস্ট কোড টি লিখতে হবে।


Is the permanent address same as present address? *: আপনার Present and Permanent এড্রেস যদি একই হয় তবে Yes আর না হলে No বাটন এ ক্লিক করুন।

যদি No হয় তবে আপনাকে আপনার permanent address টি উপরের মতো করে পূরুন করতে হবে।

## তৃতীয় অংশ: Documents

### এ ক্যাটাগরি রেজিস্ট্রেশন:

আপনি কি সকল সনদের সত্যায়িত **(ফার্মেসী বিভাগের বিভাগীয় প্রধান কর্তৃক) কপি pdf এ কনভার্ট করেছেন?** যদি না করে থাকেন তবে আবেদনের পূর্বে সকল সনদের কপি সত্যায়িত করে pdf এ কনভার্ট করুন।




এখানে আপনার সকল সনদপত্র, নম্বর পত্র ও NID স্ক্যান করে আপলোড করতে হবে। কোন ফাইল 1MB এর বেশি হবে না এবং **File Type** হবে pdf।

১। SSC Certificate, Roll number, Registration number.
২। SSC mark sheet
৩। HSC Certificate, Roll number, Registration number.
৪। HSC mark sheet
৫। B-Pharm certificate
৬। B-Pharm mark sheet
৭। In-plant training certificate
৮। National ID (NID)

## বি ক্যাটাগরি রেজিস্ট্রেশন:

আপনি কি সকল সনদের সত্যায়িত **(স্ব স্ব ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক) কপি pdf এ কনভার্ট করেছেন?** যদি না করে থাকেন তবে আবেদনের পূর্বে সকল সনদের কপি সত্যায়িত করে pdf এ কনভার্ট করুন।





এখানে আপনার সকল সনদপত্র ও NID স্ক্যান করে আপলোড করতে হবে। কোন ফাইল 1MB এর বেশি হবে না এবং **File Type** হবে pdf।

১। SSC Certificate, Roll number, Registration number.
২। National ID (NID)
৩। Diploma Pharmacy Certificate

# সি ক্যাটাগরি রেজিস্ট্রেশন:

আপনি কি সকল সনদের সত্যায়িত **(প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) কপি pdf এ কনভার্ট করেছেন?** যদি না করে থাকেন তবে আবেদনের পূর্বে সকল সনদের কপি সত্যায়িত করে pdf এ কনভার্ট করুন।





এখানে আপনার সকল সনদপত্র, নম্বর পত্র ও NID স্ক্যান করে আপলোড করতে হবে। কোন ফাইল 1MB এর বেশি হবে না এবং **File Type** হবে pdf।

১। SSC Certificate, Roll number, Registration number
২। Admit Card of Pharmacy Council
৩। National ID (NID)
৪। Drug License
৫। Experience certificate

যদি ড্রাগ লাইসেন্সটি আপনার নিজস্ব হয়, তাহলে **"YES"** বাটনে ক্লিক করুন। সেক্ষেত্রে আপনার অভিজ্ঞতার সার্টিফিকেট আপলোড করার প্রয়োজন নেই।


আর যদি ড্রাগ লাইসেন্সটি আপনার নিজস্ব না হয়, তাহলে **"NO"** বাটনে ক্লিক করুন। সেক্ষেত্রে আপনার অভিজ্ঞতার সার্টিফিকেট আপলোড করতে হবে।
আপনি যদি **৪৭তম** ব্যাচ বা তার আগের ব্যাচ সমূহ থেকে ফার্মেসি সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্স সম্পন্ন করে থাকেন, সেক্ষেত্রে আপনাকে ড্রাগ লাইসেন্স এবং অভিজ্ঞতার সার্টিফিকেট আপলোড করতে হবে না। নিম্নলিখিত নথিগুলি আপলোড করতে হবে।





১। SSC Certificate, Roll number, Registration number
২। Admit Card of Pharmacy Council
৩। National ID (NID)

## চতুর্থ ও শেষ অংশ: Summary and Pay now

এখানে আপনাকে আপনার পূরনকৃত তথ্য সমূহ এবং নথিপত্র ভাল করে চেক করতে হবে। সকল তথ্য সমূহ এবং নথিপত্র সঠিক থাকলে এবার আপনাকে পেমেন্ট করতে হবে। পেমেন্ট এর জন্য Pay Now বাটন এ ক্লিক করুন।





**Pay Now** বাটন এ ক্লিক করলে আপনার সামনে একটি **Confirm** বাটন আসবে। এখানে ক্লিক করুন:




**Confirm** বাটন এ ক্লিক করলে আপনার সামনে নিচের উইন্ডোটি আসবে। এখান থেকে **Mobile Banking** নির্বাচন করুন:




এখান থেকে বিকাশ বাটনে ক্লিক করে **Confirm** বাটনে ক্লিক করুন এবং আপনার পেমেন্ট পরিমাণ চেক করুন।





**Confirm** বাটনে ক্লিক করলে বিকাশে পে করার জন্য নিচের স্ক্রিনটি আসবে।




এখন আপনি **Pay with bKash** বাটনটি নির্বাচন করুন। তারপর আপনার বিকাশ একাউন্ট নম্বরটি দিন:




এবার **CONFIRM** বাটনে ক্লিক করলে আপনার নম্বরে একটি ভেরিফিকেশন কোড যাবে। ভেরিফিকেশন কোডটি প্রদান করুন:




আবার **CONFIRM** বাটনে ক্লিক করে আপনার বিকাশের পিন দিয়ে পেমেন্ট সম্পূর্ণ করুন।





আপনি একইভাবে যেকোনো পেমেন্ট মেথড নির্বাচন করে আপনার পেমেন্ট সম্পন্ন করতে পারবেন। আপনি যদি কার্ডে পেমেন্ট করতে চান তাহেল একইভাবে আপনার কার্ডটি সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করুন।


পেমেন্ট কন্‌ফার্ম হয়ে গেলে আপনাকে রিডাইরেক্ট করে পিসিবি পোর্টাল এ নিয়ে আসবে। এই পোর্টালটি থেকে আপনি আপনার আবেদনের সব শেষ আপডেট দেখতে পারবেন।





আপনার পেমেন্টটি সফল হলে সাথে সাথে আপনার ইমেইল **PCB** থেকে একটি কনফার্মেশন ইমেইল যাবে।





**SMS**:



আপনি যদি **Pay Later** বাটন এ ক্লিক করেন তবে আপনাকে রিডাইরেক্ট করে পিসিবি পোর্টাল এ নিয়ে আসবে। পিসিবি পোর্টাল থেকে আপনাকে ৭২ ঘন্টার মধ্যে **PAY NOW** বাটনের মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে হবে নতুবা আপনার এপ্লিকেশনটি স্বয়ংক্রিয় ভাবে সিস্টেম থেকে ৭২ ঘন্টা পরে মুছে যাবে।




এভাবে পুরো প্রক্রিয়া সম্পূর্ণ করলে আপনার এপ্লিকেশনটি কর্তৃপক্ষের নিকট জমা হবে। কর্তৃপক্ষ আপনার আবেদনটি যদি গ্রহণ করেন অথবা বাতিল করেন তবে আপনার নিকট একটি মেসেজ যাবে। মেসেজ এ আপনি বিস্তারিত জানতে পারবেন। এছাড়াও আপনি আপনার প্রোফাইল থেকে আবেদন এর অগ্রগতি দেখতে পারবেন।



যে কোনো সমস্যার সম্মুখীন হলে আমাদের অনলাইন তথ্যসেবায় যোগাযোগ করুন:

Link: https://pcbapps.com.bd/support

